# ইনোভেটিভ কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত জেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতিঃ | মোঃ মাহবুবুর রহমান<br>অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), নওগাঁ |
| স্থানঃ | অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), নওগাঁ এর অফিস কক্ষ। |
| তারিখঃ | ২৩ এপ্রিল ২০১৮ খ্রিঃ । |
| সময়ঃ | বকাল ৩.০০ মিনিট । |

সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ "পরিশিষ্ট-ক"

সভাপতি, নবগঠিত ইনোভেশন কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার(আইসিটি) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সভাপতি জেলা প্রশাসনসহ সকল সরকারি দপ্তরের নতুন কোন ইনোভেটিভ আইডিয়া এবং কর্মপরিকল্পনা থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

সভায়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধামইরহাট, নওগাঁ এর নিকট থেকে গঠিত উপজেলা ইনোভেশন টিম এবং কর্মপরিকল্পনা পাওয়ায় উপজেলা নির্বাহী অফিসার, ধামইরহাট, নওগাঁকে ধন্যবাদ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিস, বদলগাছী/ পত্নীতলা/মহাদেবপুর, নওগাঁ এর নিকট থেকে উপজেলা ইনোভেশন টিম গঠন সংক্রান্ত তথ্য পাওয়া গেছে কিন্তু কর্মপরিকল্পনা পাওয়া যায়নি। উপজেলা নির্বাহী অফিস, মান্দা/আত্রাই, নওগাঁ এর নিকট থেকে কর্মপরিকল্পনা পাওয়া গেছে কিন্তু উপজেলা ইনোভেশন টিম গঠন সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নওগাঁ সদর/সাপাহার/পোরশা/রাণীনগর/নিয়ামতপুর, নওগাঁ এর নিকট থেকে উপজেলা ইনোভেশন টিম গঠন এবং কর্মপরিকল্পনা পাওয়া যায়নি। সভাপতি যে সকল উপজেলা থেকে এখনও উপজেলা ইনোভেশন টিম গঠন এবং কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি সে সকল উপজেলা থেকে ৭ দিনের মধ্যে তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ জানান।

সভায়, এ জেলায় যে সকল ইনোভেশন চলমান রয়েছে তার একটি তালিকা প্রণয়নের জন্য অনুরোধ জানানো হয়। জেলা ইনোভেশন টিমের সকল সদস্যদের কমপক্ষে একটি করে ইনোভেশন আইডিয়া জমা দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া প্রত্যেক উপজেলা থেকে উপজেলা ইনোভেশন টিমের সকল সদস্যদের কমপক্ষে একটি করে ইনোভেটিভ আইডিয়া প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।

সভায়, ইনোভেশন সার্কেল আয়োজনের জন্য অনুরোধ জানানো হয়। ইনোভেশন সার্কেলে ইনোভেটিভ আইডিয়াসমূহ উপস্থাপন/ আলোচনা/পর্যালোচনার জন্য অনুরোধ জানানো হয়। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্ত, নওগাঁ জানান, প্রত্যেক কৃষক নিজেরাই একটি করে ইনোভেটিভ আইডিয়া করে থাকেন। তিনি(উপ-পরিচালক) জানান কৃষকরা কৃষি ক্ষেতে ভাংগা কলস এবং বাঁশ/কাঠ দিয়ে কাক তাড়ুয়া তৈরি করে ক্ষতিকর জীব, পোকা-মাকড় থেকে নিজেদের সফলকে রক্ষা করছে।

চলমান পাতা/২

বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১। | উপজেলা ইনোভেশন টিম গঠন এবং কর্মপরিকল্পনা তৈরি অন্তে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ধামইরহাট ব্যতীত সকল, নওগাঁ। |
| ০২। | এ জেলায় চলমান ইনোভেশন এর একটি তালিকা প্রণয়নের জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার(সকল), নওগাঁ।<br>২। সহকারী কমিশনার(আইসিটি), নওগাঁ। |
| ০৩। | জেলা ইনোভেশন টিমের সকল সদস্যদের কমপক্ষে একটি করে ইনোভেশন আইডিয়া জমা দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়। | জেলা ইনোভেশন টিমের সকল সদস্য। |
| ০৪। | উপজেলা থেকে উপজেলা ইনোভেশন টিমের সকল সদস্যদের কমপক্ষে একটি করে ইনোভেটিভ আইডিয়া প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার(সকল), নওগাঁ। |
| ০৫। | ইনোভেশন সার্কেল আয়োজনের জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার(সকল), নওগাঁ।<br>২। সহকারী কমিশনার(আইসিটি), নওগাঁ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬/৫/১৮

(মোঃ মাহবুবুর রহমান)
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
নওগাঁ
দূরালাপনীঃ +৮৮-০৭৪১-৬২৩২২ (দপ্তর)
+৮৮-০৭৪১-৬২৫২২ (আবাসিক)
ই-মেইলঃ adcgnaogaon@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
(আইসিটি শাখা)
www.naogaon.gov.bd

নং-০৫.৪৩.৬৪০০.১২০.০২.০০২.১৮-১৭৩

তারিখঃ ২৩ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
০৬ মে ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।
০২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা দৃষ্টি আকর্ষণঃ (সহকারী সচিব, পলিসি এন্ড এ্যাক্ট শাখা)।
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। ..............................................................................
০৬। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর/আত্রাই/রাণীনগর/বদলগাছী/মহাদেবপুর/পত্নীতলা/ধামইরহাট/সাপাহার/পোরশা/নিয়ামতপুর/মান্দা, নওগাঁ। সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হল।
০৭। ..............................................................................

০৬/৫/১৮

সহকারী কমিশনার
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয়,নওগাঁ।